

“মুজিব বর্ষের আহবান  
দক্ষ হয়ে বিদেশ যান”



বাংলাদেশ দূতাবাস  
শ্রম কল্যাণ উইং, কুয়েত

তারিখ: ০৩-১১-২০২১ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

সম্মানিত কুয়েত প্রবাসী বাংলাদেশি নাগরিকগণের সদয় জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, কুয়েতে অবস্থিত বাংলাদেশ দূতাবাস ২০২১ সালে দ্বিতীয়বারের মতো প্রবাসী বাংলাদেশিদের জন্য আন্তর্জাতিক অভিবাসী দিবস পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। সে প্রেক্ষিতে কুয়েতে বসবাসরত প্রবাসী বাংলাদেশি নাগরিকদের (ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে) বৈধপথে রেমিট্যান্স প্রেরণের মাধ্যমে বাংলাদেশের অর্থনীতিতে অবদান রাখার স্বীকৃতিস্বরূপ এ বছর এই পুরস্কারটি আগামী ১৮ ডিসেম্বর ২০২১ তারিখে প্রদান করা হবে।

- ক) ব্যক্তি পর্যায়ে পুরস্কার: বৈধভাবে রেমিট্যান্স প্রেরণকারী প্রবাসী বাংলাদেশি পুরুষ-০২টি ও নারী-০২টি।  
খ) প্রাতিষ্ঠানিক পর্যায়ে পুরস্কার: প্রবাসী বাংলাদেশি (নারী/পুরুষ) মালিকানাধীন বৈধভাবে রেমিট্যান্স প্রেরণকারী প্রতিষ্ঠান-০২টি।

এই পুরস্কার প্রাপ্তির লক্ষ্যে আগ্রহী প্রবাসী বাংলাদেশি নাগরিকগণকে আগামী ২৫ নভেম্বর, ২০২১ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে (সকাল ০৮.০০ থেকে বিকাল ০৪.০০ পর্যন্ত) দূতাবাসের শ্রম কল্যাণ উইংয়ে আবেদনপত্র জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

আবেদন ফরম ও এ-সংক্রান্ত নীতিমালা দূতাবাসের ওয়েবসাইট (<https://bdembassykuwait.org>) ফেইজবুক পেজে (Bangladesh Embassy, Kuwait) অথবা দূতাবাসের শ্রম কল্যাণ উইং থেকে সংগ্রহ করা যাবে।



দূতাবাস